



রাজধানীতে জাতীয় সমাবেশের ঘোষণা দিল জামায়াত



সংগৃহীত ছবি

রাজধানীতে 'জুলাই শহীদ পরিবার ও জুলাই যোদ্ধা'দের অংশগ্রহণে একটি জাতীয় সমাবেশ আয়োজনের ঘোষণা দিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। আগামী শনিবার (২৫ এপ্রিল) সকালে সোহরাওয়ার্দী উদ্যানে এ কর্মসূচি অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

বুধবার (২২ এপ্রিল) প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সমাবেশে জুলাইয়ের শহীদদের স্বজন, অংশগ্রহণকারী যোদ্ধা এবং বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা উপস্থিত থাকবেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিরোধীদলীয় নেতা ও দলটির আমির ডা. শফিকুর রহমানের উপস্থিত থাকার কথা রয়েছে। পাশাপাশি ১১টি দলের শীর্ষ নেতাদের অংশগ্রহণও নিশ্চিত করা হয়েছে।

LENS ASIA